

এশিয়ান ইউনিভার্সিটির ২৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

প্রেস রিলিজ

৫ জানুয়ারি ২০২৩ ০৬:০৮ পিএম | আপডেট: ৫ জানুয়ারি ২০২৩
০৬:০৮ পিএম

39
Shares



এশিয়ান ইউনিভার্সিটির ২৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন। ছবি: সংগৃহীত

advertisement

এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশের (এইউবি) ২৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়েছে। গতকাল বুধবার সকালে আশুলিয়ায় স্থায়ী ক্যাম্পাসে জাতীয় ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলনের মাধ্যমে কর্মসূচি শুরু হয়।

প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ২৭ পাউন্ড কেক কাটা হয়। এরপর বর্ণাঢ্য র্যালি, সুধী সমাবেশ ও মতবিনিময় সভা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান হয়।

মাসব্যাপী এই কর্মসূচি চলবে। এর মধ্যে রয়েছে আলোচনাসভা, সাংস্কৃতিক প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান, ক্রীড়া প্রতিযোগিতা ও ফ্যামিলি ডে।

advertisement

অনুষ্ঠানে এইউবি উপাচার্য অধ্যাপক ড. শাহজাহান খান, বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান ড. মুহাম্মাদ জাফার সাদেক, ট্রেজারার অধ্যাপক ড. মো. নূরুল ইসলাম, এইউবিটি বোর্ড অব ট্রাস্টিজের মেম্বার মিসেস সালেহা সাদেক ও সিন্ডিকেট সদস্য অধ্যাপক ড. মেসবাবুদ্দিন, এস এম ইয়াছিন আলী এবং বুয়েটের সাবেক অধ্যাপক প্রফেসর ড. এস এম নজরুল ইসলামসহ অনেকেই উপস্থিত ছিলেন।

advertisement 4

আলোচনাসভায় এইউবি প্রতিষ্ঠাতা অধ্যাপক ড. আবুল হাসান মুহাম্মদ সাদেক বলেন, ১৯৯৬ সালে প্রতিষ্ঠিত হয় এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ। বাংলাদেশকে একটি উন্নত ও সমৃদ্ধশালী দেশ হিসেবে গড়ে তুলতেই এগিয়ে চলছে এইউবি।

এইউবি উপাচার্য অধ্যাপক ড. শাহজাহান খান বলেন, ‘স্বল্প খরচে, মানসম্মত শিক্ষা’ এই প্রতিপাদ্যকে সামনে রেখেই ২০২৩ সালে আমাদের সার্বিক শিক্ষাকার্যক্রম পরিচালিত হবে। তিনি বলেন, মানসম্মত শিক্ষার বিকল্প নেই। সৎ, যোগ্য ও দক্ষ জনশক্তি তৈরিতে এশিয়ান ইউনিভার্সিটি বদ্ধ পরিকর।